গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সেবা শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয়: জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৪ আয়োজনের লক্ষ্যে জাতীয় পর্যায়ে পুরস্কার বিতরণ অনুষ্ঠান পরিচালনা উপকমিটির সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| **সভাপতি** | : | জনাব আ ন ম আল ফিরোজ, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়। |
| **তারিখ ও সময়** | : | ২১/০৪/২০২৪ খ্রি. ও বেলা ০২:৩০ ঘটিকা। |
| **স্থান** | : | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সভাকক্ষ। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-'ক'তে সংযুক্ত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। পূর্বের ধারাবাহিকতায় এ বছরও জাতীয় শিক্ষা সপ্তাহ আয়োজনের প্রস্তুতির কার্যক্রম চলমান, সারা দেশে তীব্র তাপদাহের কারণে জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৪ এর উদ্‌যাপনের লক্ষ্যে প্রতিযোগিতার সময়সূচি পুনঃনির্ধারণ, বাজেট এন্ট্রি নিশ্চিতকরণ, পুরস্কারসমূহের নমুনা অনুমোদন, ম্যাগাজিনের গুণগত মান নিশ্চিতকরণ, প্রতিযোগিতাসমূহে প্রতিযোগীদের অংশগ্রহণ নিশ্চিতকরণ ও অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে অদ্যকার সভা। সভায় উপস্থিত সদস্যবৃন্দ বিভিন্ন মতামত ব্যক্ত করেন। সার্বিক আলোচনা ও পর্যালোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সারা দেশে তীব্র তাপদাহের কারণে সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছুটি ২৭ এপ্রিল ২০২৪ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। এ প্রেক্ষিতে জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৪ এর প্রতিযোগিতার সময়সূচি নিম্নরূপভাবে পুনঃনির্ধারণের জন্য উপস্থাপন করা হয়:

জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৪

| ক্র. নং | পর্যায় | প্রতিযোগিতার পুনঃনির্ধারিত সময়সূচি |
|---|---|---|
| ১ | শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে | ২১/০৩/২০২৪ থেকে ২২/০৩/২০২৪ |
| ২ | উপজেলা পর্যায়ে (ঢাকা মহানগরীর থানাসহ) | ২৮/০৪/২০২৪ থেকে ২৯/০৪/২০২৪ |
| ৩ | জেলা পর্যায়ে | ০৫/০৫/২০২৪ থেকে ০৬/০৫/২০২৪ |
| ৪ | বিভাগ ও ঢাকা মহানগর পর্যায়ে | ১১/০৫/২০২৪ থেকে ১২/০৫/২০২৪ |
| ৫ | জাতীয় পর্যায়ে | ২০/০৫/২০২৪ থেকে ২১/০৫/২০২৪ |

**সিদ্ধান্ত- ১:** জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৪ এর পুনঃনির্ধারিত উর্পযুক্ত সময়সূচি সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং উক্ত পুনঃনির্ধারিত সময়সূচি সচিব মহোদয়ের সদয় অনুমোদনপূর্বক পত্রজারি করতে হবে।

**বাস্তবায়নকারী:** যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

**সিদ্ধান্ত- ২:** ২৫ এপ্রিল ২০২৪ তারিখের মধ্যে বাজেটে অনুমোদিত সকল খাতের অর্থ iBAS++ এ এন্ট্রি দেওয়া নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়নকারী:** যুগ্মসচিব (বাজেট অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

**সিদ্ধান্ত- ৩:** জাতীয় শিক্ষা সপ্তাহ- ২০২৪ এর জাতীয় পর্যায়ের পুরস্কারসমূহের নমুনা এ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়কে দেখিয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নকারী:** পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

**সিদ্ধান্ত- ৪**: জাতীয় শিক্ষা সপ্তাহ- ২০২৪ উদ্‌যাপনের অংশ হিসেবে ম্যাগাজিন মুদ্রণের কাজ আগে থেকেই শুরু করতে হবে এবং এবারের ম্যাগাজিন যাতে পূর্বের তুলনায় উন্নত ও সমৃদ্ধ হয় সেটা নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়নকারী:** সংশ্লিষ্ট উপকমিটি।

**সিদ্ধান্ত- ৫:** জাতীয় শিক্ষা সপ্তাহ- ২০২৪ উদ্‌যাপনের লক্ষ্যে উপজেলা/থানা, জেলা ও বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতাসমূহ 'জাতীয় শিক্ষা সপ্তাহ উদ্‌যাপন নীতিমালা (সংশোধিত ২০২৪)'-এর আলোকে যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল আঞ্চলিক পরিচালক ও সংশ্লিষ্টদের অংশগ্রহণে এ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের সভাপতিত্বে একটি ভার্চুয়াল সভা আহ্বান করতে হবে।

**বাস্তবায়নকারী:** পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

**সিদ্ধান্ত- ৬:** জাতীয় শিক্ষা সপ্তাহ- ২০২৪ সুষ্ঠুভাবে উদ্‌যাপনের লক্ষ্যে অন্যান্য সকল উপকমিটি প্রয়োজনীয় সংখ্যক সভা করে দায়িত্বসমূহ যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়নকারী:** উপকমিটিসমূহ।

**সিদ্ধান্ত- ৭:** মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-এর গবেষণা কর্মকর্তা জনাব মো. ইউসুফ রহমান-কে এ কমিটিতে কো-অপট করতে হবে।

অতঃপর সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত ২৩/০৪/২০২৪
(আ ন ম আল ফিরোজ)
অতিরিক্ত সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬২.৪৬.০০১.২৪-১২৯

তারিখ: ১০ বৈশাখ ১৪৩১ / ২৩ এপ্রিল ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (কারিগরি/ মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার (সকল)।
৪. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/ কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫. যুগ্মসচিব (প্রশাসন/ উন্নয়ন- ১/ বাজেট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. জেলা প্রশাসক (সকল)।
৮. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)।
৯. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশিবাজার, ঢাকা/ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. উপসচিব (প্রশাসন ও সংস্থাপন/ সমন্বয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. পরিচালক (প্রশিক্ষণ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১৩. উপপরিচালক (শারীরিক শিক্ষা/ প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১৪. আঞ্চলিক পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর (সকল)।
১৫. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৬. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৭. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
১৯. সহকারী পরিচালক (একিউএইউ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২০. গবেষণা কর্মকর্তা- ২ (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২১. জেলা শিক্ষা অফিসার (সকল)।
২২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।

২৩/০৪/২৪

মুহাম্মদ মুছাব্বেরুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব